

## হজ ফ্লাইট সফলভাবে সম্পন্ন করলো বিমান বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 15 July, 2025



ঢাকা: চলতি বছরের (২০২৫) হজের ফিরতি ফ্লাইট কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

মৌসুমের শেষ ফিরতি ফ্লাইটটি শূক্রবার (১১ জুলাই) চট্টগ্রামে পৌঁছায়। এর মাধ্যমে ২০২৫ সালের হজ কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শেষ হয়।

সোমবার (১৪ জুলাই) বিমানের মহাব্যবস্থাপক (জনসংযোগ) এবিএম রওশন কবীর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত শূক্রবার (১১ জুলাই) এই বছরের হজ অপারেশনের সফল সমাপ্তি ঘোষণা করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। সর্বশেষ ফিরতি ফ্লাইটের চট্টগ্রাম আগমন এবং হাজিদের জমজম পানি বিতরণ কার্যক্রমের মধ্য দিয়ে এ বছরের হজ কার্যক্রম আনুষ্ঠানিকভাবে সম্পন্ন হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, হজযাত্রীদের সৌদি আরব থেকে বাংলাদেশে সফলভাবে পরিবহন করতে সরকার নির্ধারিত এয়ারলাইন্স হিসেবে বিমান বাংলাদেশ, সৌদিয়া এবং ফ্লাইনাস সম্মিলিতভাবে অংশ নেয়। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অতিরিক্ত হজ ফ্লাইট পরিচালনার জন্য বিমানের সহস্রাধিক কর্মকর্তা-কর্মচারী সম্পূর্ণ হজ অপারেশনে নিয়োজিত ছিলেন। হজযাত্রীদের পরিবহনের পাশাপাশি তাদের গ্রাউন্ড হ্যান্ডলিং সেবা দিয়েছে বিমান বাংলাদেশ।

এই বিশাল কর্মকাণ্ড সফলভাবে সম্পন্ন করে দক্ষতা, পেশাদারত্ব ও দায়বদ্ধতার প্রমাণ দিয়েছে বিমান বাংলাদেশ। এই ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে মর্মে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স প্রতিশ্রুতিবদ্ধ।

-B

